

# নির্বাচনী তথ্য কণিকা-১

প্রার্থীর মনোনয়ন ফরম ও হলফনামা

**আপনি কি জাতীয় সংসদ বা উপজেলা নির্বাচনে প্রার্থী হতে ইচ্ছুক?**

তাহলে নির্বাচন সংশ্লিষ্ট আইনসহ মনোনয়ন ফরম ও আচরণ বিধিমালা সম্পর্কে অনুগ্রহ করে আগেই জেনে নিন।

- সম্প্রতি জাতীয় সংসদ নির্বাচন ও উপজেলা নির্বাচন সংক্রান্ত আইন ও বিধিমালা সংশোধন/পরিবর্তন করা হয়েছে। তদানুসারে সকল নির্বাচনের মনোনয়ন ফরমও পরিবর্তন করা হয়েছে।
- সংশ্লিষ্ট নির্বাচন পরিচালনা বিধিমালায় মনোনয়ন ফরম সংযুক্ত রয়েছে। নির্বাচন কমিশনের ওয়েব সাইট হতে এ বিধিমালা ও ফরম ডাউন লোড করা যাবে।
- আপনি যে পদের জন্য প্রার্থী হতে ইচ্ছুক সংশ্লিষ্ট আইনে সে পদের প্রার্থী হওয়ার যোগ্যতাসহ বিস্তারিত বিবরণ রয়েছে। যেমন- জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণের জন্য যে কোন নির্বাচনী এলাকার ভোটার হতে হবে এবং উপজেলা নির্বাচনে প্রার্থী হতে হলে তাকে সংশ্লিষ্ট উপজেলায় ভোটার হতে হবে, তাছাড়া আরো বেশ কিছু শর্ত এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- মনোনয়ন ফরমের সাথে হলফনামার মাধ্যমে প্রত্যেক প্রার্থীর বিভিন্ন ব্যক্তিগত তথ্য প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে। প্রার্থীকে তাঁর শিক্ষাগত যোগ্যতা, ফৌজদারী মামলার বিবরণ (যদি থাকে), আয়ের উৎস, সম্পদের বিবরণ, দায়-দেনা, ঋণ সংক্রান্ত তথ্য, ইত্যাদি প্রদান করতে হবে।
- উল্লিখিত তথ্যের সমর্থনে প্রার্থীকে প্রয়োজনীয় কাগজপত্রও সংযুক্ত করতে হবে (যেমন, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের অনুলিপি, আয়কর রিটার্নের অনুলিপি, ইত্যাদি)। প্রার্থী হতে চাইলে এগুলো আগেই সংগ্রহ করে রাখতে পারেন
- হলফনামায় সকল প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং স্থানীয় ভাবেও প্রচার করা হবে।

আরো বিস্তারিত জানার জন্য নির্বাচন কমিশনের ওয়েব সাইট দেখতে পারেন।



বাংলাদেশ নির্বাচন কমিশন

[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)



## নির্বাচনী তথ্য কণিকা-১

প্রার্থীর মনোনয়ন ফরম ও হলফনামা

**আপনি কি জাতীয় সংসদ বা উপজেলা নির্বাচনে প্রার্থী হতে ইচ্ছুক?**

তাহলে নির্বাচন সংশ্লিষ্ট আইনসহ মনোনয়ন ফরম ও আচরণ বিধিমালা সম্পর্কে অনুগ্রহ করে আগেই জেনে নিন।

- সম্প্রতি জাতীয় সংসদ নির্বাচন ও উপজেলা নির্বাচন সংক্রান্ত আইন ও বিধিমালা সংশোধন/পরিবর্তন করা হয়েছে। তদনুসারে সকল নির্বাচনের মনোনয়ন ফরমও পরিবর্তন করা হয়েছে।
- সংশ্লিষ্ট নির্বাচন পরিচালনা বিধিমালায় মনোনয়ন ফরম সংযুক্ত রয়েছে। নির্বাচন কমিশনের ওয়েব সাইট হতে এ বিধিমালা ও ফরম ডাউন লোড করা যাবে।
- আপনি যে পদের জন্য প্রার্থী হতে ইচ্ছুক সংশ্লিষ্ট আইনে সে পদের প্রার্থী হওয়ার যোগ্যতাসহ বিস্তারিত বিবরণ রয়েছে। যেমন- জাতীয় সংসদ নির্বাচনে অংশগ্রহণের জন্য যে কোন নির্বাচনী এলাকার ভোটার হতে হবে এবং উপজেলা নির্বাচনে প্রার্থী হতে হলে তাকে সংশ্লিষ্ট উপজেলায় ভোটার হতে হবে, তাছাড়া আরো বেশ কিছু শর্ত এ ক্ষেত্রে প্রযোজ্য হবে।
- মনোনয়ন ফরমের সাথে হলফনামার মাধ্যমে প্রত্যেক প্রার্থীর বিভিন্ন ব্যক্তিগত তথ্য প্রকাশের বাধ্যবাধকতা রয়েছে। প্রার্থীকে তাঁর শিক্ষাগত যোগ্যতা, ফৌজদারী মামলার বিবরণ (যদি থাকে), আয়ের উৎস, সম্পদের বিবরণ, দায়-দেনা, ঋণ সংক্রান্ত তথ্য, ইত্যাদি প্রদান করতে হবে।
- উল্লিখিত তথ্যের সমর্থনে প্রার্থীকে প্রয়োজনীয় কাগজপত্রও সংযুক্ত করতে হবে (যেমন, শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের অনুলিপি, আয়কর রিটার্নের অনুলিপি, ইত্যাদি)। প্রার্থী হতে চাইলে এগুলো আগেই সংগ্রহ করে রাখতে পারেন
- হলফনামায় সকল প্রার্থী কর্তৃক প্রদত্ত তথ্য নির্বাচন কমিশনের ওয়েব সাইটে প্রকাশ করা হবে এবং স্থানীয় ভাবেও প্রচার করা হবে।

আরো বিস্তারিত জানার জন্য নির্বাচন কমিশনের ওয়েব সাইট দেখতে পারেন।

**বাংলাদেশ নির্বাচন কমিশন**

[www.ecs.gov.bd](http://www.ecs.gov.bd)